গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্যসম্পদ সংরক্ষণ শাখা
মৎস্য ভবন, রমনা ঢাকা।
www.fisheries.gov.bd

স্মারক নং- ৩৩.০২.০০০০.১২১.১৫.০০১.২৫-৮০১ তারিখ : ২১/০৫/২০২৬ খ্রি.

বিষয় : হাওর অধ্যুষিত অঞ্চলে ২৯ মে হতে ২৮ জুন (১৫ জ্যৈষ্ঠ্য হতে ১৪ আষাঢ়) মাছ ধরা নিষিদ্ধকরণ প্রসঙ্গে ।

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালেয়ের ২০/০৪/২০২৬ তারিখের প্রজ্ঞাপন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হাওর অধ্যুষিত ৭টি জেলায় প্রজনন মৌসুমে ডিমওয়ালা মা মাছ ও পোনামাছ নিধন বন্ধে এবং মাছের অবাধ প্রজনন নিশ্চিতকরার লক্ষ্যে প্রতি বছর ২৯ মে হতে ২৮ জুন (১৫ জ্যৈষ্ঠ্য হতে ১৪ আষাঢ়) মাছ ধরা নিষিদ্ধকরণ করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে (কপি-সংযুক্ত)। সে প্রেক্ষিতে উল্লিখিত সময়ে হাওর অধ্যুষিত জেলা ও উপজেলায় মাইকিং, বাজার ও জনবহুল স্থানে ব্যানার স্থাপন, সচেতনতা সভা, মোবাইল কোর্ট পরিচালনাসহ অন্যান্য কার্যক্রম জোরদারকরণ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, আপনার বিভাগের আওতাধীন হাওর অধ্যুষিত জেলা ও উপজেলায় ২৯ মে হতে ২৮ জুন (১৫ জ্যৈষ্ঠ্য হতে ১৪ আষাঢ়) মাছ ধরা নিষিদ্ধকরণ কার্যক্রম জোরদারকরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

(মোঃ জিয়া হায়দার চৌধুরী)
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন: ০২-২২৩৩৮২৮৬
ই-মেইল: dg@fisheries.gov.bd

পরিচালক
মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/
সিলেট বিভাগ,সিলেট/ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ ।

স্মারক নং- ৩৩.০২.০০০০.১২১.১৫.০০১.২৫-৮০১(১)(৭) তারিখ : ২১/০৫/২০২৬ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১. পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. উপপরিচালক, ই-সার্ভিস এন্ড ইনোভেশন, মৎস্য অধিদপ্তর,মৎস্য ভবন, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. জেলা মৎস্য কর্মকর্তা, কিশোরগঞ্জ/নেত্রকোনা/ব্রাহ্মণবাড়িয়া/সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ।
৫. সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা------------------------------------------------------------------------।
৬. সহকারী পরিচালক (স্টাফ অফিসার),মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য )।
৭. অফিস কপি।

( বরুন চন্দ্র বিশ্বাস)
উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ)
মোবাইল : ০১৭১৫৫৭৬৮৯১
ইমেইল: borunbiswas19@gmail.com

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২০, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ /১৯ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও.নং-৭৬-আইন/২০২৬।**—যেহেতু The Protection and Conservation of Fish Act, 1950 (Act No. XVIII of 1950), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (5) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১১ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ মোতাবেক ২৫ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-৯৪-আইন/২০২৫ দ্বারা The Protection and Conservation of Fish Rules, 1985, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর অধিকতর সংশোধনের লক্ষ্যে ২ (দুই) মাসের মধ্যে আপত্তি বা পরামর্শ আহ্বান করিয়া প্রস্তাবিত সংশোধনীর একটি প্রজ্ঞাপন প্রাক্-প্রকাশ করিয়াছিল; এবং

যেহেতু, উক্ত প্রাক্-প্রকাশনায় উল্লিখিত ২ (দুই) মাস সময় ইতোমধ্যে অতিক্রান্ত হইয়াছে এবং প্রস্তাবিত সংশোধনীর উপর প্রাপ্ত মতামতের ভিত্তিতে সরকার উক্ত Rules এর অধিকতর সংশোধনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু, উক্ত Act এর section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত Rules এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত Rules এর—

১। **rule 19** এর পর নিম্নরূপ নতুন **rule 20** সংযোজিত হইবে, যথা:—

**"20. Catching all Kinds of fish is prohibited in certain periods in haor areas.**—Notwithstanding anything contained in these Rules, no person shall catch or cause to be caught fish in the haor areas are mentioned in column (4) of the third schedule which is declared as fishing ban period:"।

২। SECOND SCHEDULE এর পর নিম্নরূপ নতুন THIRD SCHEDULE সংযোজিত হইবে, যথা:—

**"THIRD SCHEDULE**

**[see rule 20]**

| **SL NO.** | **Namde of district** | **Name of Upazila** | **Fishing Ban Period** |
|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) |
| 1 | Kishoreganj | Kishoreganj Sadar, Karimganj, Mithamoin, Bhairab, Kuliarchar, Bajitpur, Katiadi, Tarail, Nikli, Itna, Austagram. | From 29th May to 28th June in each year. (From 15th Jyeshtha to 14th Ashar each year) |
| 2 | Netrokona | Netrokona Sadar, Mohanganj, Barhatta, Kendua, Atpara, Madan, Kalmakanda, Khaliajuri. | |
| 3 | Brahmanbaria | Brahmanbaria Sadar, Nabinagar, Nasirnagar, Sarail, Akhaura, Bijoynagar. | |
| 4 | Sylhet | Sylhet Sadar, Bishwanath, Golapganj, Balaganj, Jaintiapur, Fenchuganj, Beanibazar, Zakiganj, Gowainghat, Kanaighat, Companiganj, Osmaninagar. | |
| 5 | Sunamganj | Sunamganj Sadar, Shantiganj, Shalla, Dharmapasha, Jagannathpur, Bishwambarpur, Derai, Tahirpur, Jamalganj, Chhatak, Dowarabazar. | |
| 6 | Habiganj | Habiganj Sadar, Nabiganj, Lakhai, Bahubal, Madhabpur, Baniachong, Ajmiriganj. | |
| 7 | Moulvibazar | Moulvibazar Sadar, Sreemangal, Rajnagar, Kulaura, Barlekha, Juri; | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসরিন চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd